

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২২৭৮ ২২/ নিষিদ্ধ কার্যাবলী পরিচ্ছেদঃ চুক্তি ও প্রতিশ্রুতি ভঙ্গ করার নিষেধাজ্ঞা

আরবী

عَنْ سَعْدٍ قَالَ لَمَّا كَانَ يَوْمُ فَتْحِ مَكَّةَ أَمَّنَ رَسُوْلُ اللهِ عَلَيْ النَّاسَ إِلاَّ أَرْبَعَةَ نَفَرٍ وَامْرَأْتَيْنِ وَسَمَّاهُمْ وَابْنُ أَبِي سَرْحٍ فَلْكَرَ الْحَدِيثَ قَالَ وَأَمَّا ابْنُ أَبِي سَرْحٍ فَإِنَّهُ اخْتَبَأَ عِنْدَ عُتْمَانَ بَنِ عَفَّانَ فَلَمَّا دَعَا رَسُوْلُ اللهِ عَلِي النَّاسَ إِلَى الْبَيْعَةِ جَاءَ بِهِ حَتَّى أَوْقَفَهُ عَلَى رَسُوْلِ اللهِ بَنِ عَفَّانَ فَلَمَّا دَعَا رَسُوْلُ اللهِ عَبْدَ اللهِ فَرَفَعَ رَأْسَهُ فَنَظَرَ إِلَيْهِ ثَلاَثًا كُلُّ ذَلِكَ يَأْبَى فَبَايَعَهُ بَعْدَ عَلَى مَنْ اللهِ بَايِعْ عَبْدَ اللهِ فَرَفَعَ رَأْسَهُ فَنَظَرَ إِلَيْهِ ثَلاَثًا كُلُّ ذَلِكَ يَأْبَى فَبَايَعَهُ بَعْدَ عَلَى أَصْحَابِهِ فَقَالَ أَمَا كَانَ فِيكُمْ رَجُلٌ رَشِيدٌ يَقُومُ إِلَى هَذَا حَيْثُ رَآنِي كَفُونَ تُمْ رَجُلٌ رَشِيدٌ يَقُومُ إِلَى هَذَا حَيْثُ رَآنِي كَفُونَ لَهُ خَائِنَةُ الأَعْيُنِ عَنْ بَيْعَتِهِ فَيَقْتُلُهُ فَقَالُوا مَا نَدْرِي يَا رَسُولَ اللهِ مَا فِي نَفْسِكَ أَلَا أَوْمَأْتَ إِلَيْنَا بِعَيْنِكَ قَالَ إِنَّهُ لاَ يَنْبَغِي لِنَبِي ّ أَنْ تَكُونَ لَهُ خَائِنَةُ الأَعْيُنِ

বাংলা

(২২৭৮) সা'দ (রাঃ) বলেন, মক্কা বিজয়ের দিন (প্রতারক) আব্দুল্লাহ বিন সা'দ উসমান বিন আফফানের নিকট আত্মগোপন করেছিল। তিনি তাকে নিয়ে নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এর নিকটে দাঁড় করালেন। তিনি বললেন, 'হে আল্লাহর রসূল! আব্দুল্লাহর বায়আত গ্রহণ করুন।' নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম তার দিকে মাথা তুলে তিনবার দেখলেন। তিনি তার বায়আত গ্রহণ করতে ইচ্ছুক ছিলেন না। অতঃপর তৃতীয়বারের পরে তিনি তার বায়আত গ্রহণ করলেন। পরবর্তীতে তিনি সাহাবাগণকে বললেন, তোমাদের মধ্যে কি কেউ বুদ্ধিমান লোক ছিল না, আমি যখন তার বায়আত গ্রহণ না করে হাত গুটিয়ে নিচ্ছিলাম, তখন সে তাকে হত্যা ক'রে দিত?'' তাঁরা বললেন, 'আপনার মনে কী ছিল, তা তো জানতাম না হে আল্লাহর রসূল! আপনি আপনার চোখ দ্বারা ইঙ্গিত করলেন না কেন?' নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বললেন, ''কোন নবীর জন্য সঙ্গত নয় যে, তাঁর খিয়ানতকারী চোখ হবে।

ফুটনোট

(আবু দাউদ ২৬৮৫, সিলসিলাহ সহীহাহ ৪/৩০০)



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ সা'দ বিন আবৃ ওয়াক্কাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন